



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন : পিএবিএক্স (০২) ৯২০৫৩১০-১৪, ফ্যাক্স ৮৮০-০২-৯২০৫৩৩৩

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

GAZIPUR-1706, BANGLADESH, TELEPHONE : PABX (02) 9205310-14, FAX : 880-02-9205333

স্মারক নং- বশেমুরকবি/একা/ এ-১.১৫/২০১৮/৬৫০

তারিখঃ ০২/০৭/২০১৮

এমএস ও পিএইচডি প্রোগ্রামে ছাত্র ভর্তি বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এ অটাম ২০১৮ টার্মে কোর্স ফ্রেডিট পদ্ধতির অধীনে এমএস ও পিএইচডি প্রোগ্রামে নিম্নলিখিত বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

এমএসঃ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন, কৃষিবনায়ন ও পরিবেশ, এগ্রো-প্রসেসিং, কৃষিতত্ত্ব, বায়োটেকনোলজি, ফসল উদ্ভিদবিদ্যা, কীটতত্ত্ব, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন, উদ্যানতত্ত্ব, উদ্ভিদ রোগতত্ত্ব, মৃত্তিকা বিজ্ঞান, বীজ বিজ্ঞান ও প্রযুক্তি, ফিশারিজ বায়োলজি অ্যান্ড অ্যাকোয়াটিক এনভায়রনমেন্ট, ফিশারিজ ম্যানেজমেন্ট, জেনেটিক্স অ্যান্ড ফিশ ব্রিডিং, ডেয়ারি সায়েন্স, পোল্ট্রি সায়েন্স, খেরিওজেনোলজি, কৃষি অর্থনীতি।

পিএইচডিঃ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন, কৃষিবনায়ন ও পরিবেশ, কৃষিতত্ত্ব, বায়োটেকনোলজি, ফসল উদ্ভিদবিদ্যা, কীটতত্ত্ব, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন, উদ্যানতত্ত্ব, উদ্ভিদ রোগতত্ত্ব, মৃত্তিকা বিজ্ঞান, বীজ বিজ্ঞান ও প্রযুক্তি, কৃষি অর্থনীতি।

যোগ্যতাঃ

এমএস প্রোগ্রামঃ

প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ (৪.০০ এর মধ্যে) কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা ডিভিএম ডিগ্রি অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রি থাকতে হবে।

পিএইচডি প্রোগ্রামঃ

- (১) কেবল চাকুরীরত প্রার্থীগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।
- (২) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ (৪.০০ এর মধ্যে) স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় শ্রেণীসহ সমমানের ডিগ্রি থাকতে হবে।
- (৩) স্বীকৃত বেসরকারী প্রতিষ্ঠান/এনজিওতে চাকুরীরত প্রার্থীদের কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

ভর্তির আবেদন ফরম, গ্রাজুয়েট ক্যাটালগ ও ভর্তির নিয়মাবলী ০৩/০৭/২০১৮ হতে ১৫/০৭/২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখা অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrau.edu.bd হতে সংগ্রহ করা যাবে। সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে অবস্থিত সোনালী ব্যাংক লিঃ এর হিসাব নং SND 0219636000036 এ অনলাইনে ৫০০ (পাঁচশত) টাকা জমা দিয়ে জমার রশিদসহ যথাযথভাবে পূরনকৃত আবেদনপত্রটি নিধারিত তারিখের (১৫/০৭/২০১৮) মধ্যে অফিস চলাকালীন সময়ে ডীন, গ্রাজুয়েট স্টাডিজ অফিসে জমা দিতে হবে।

বিদেশী ছাত্র-ছাত্রীগণ সোনালী ব্যাংক লিঃ, বশেমুরকবি শাখা এর হিসাব নং SND 0219636000036 এ SWIFT CODE Routing No: 200330370 এর মাধ্যমে USD 20 (বিশ ডলার) জমা দিয়ে জমার রশিদ আবেদনপত্রের সাথে সংযোজন করবেন।

আবেদনপত্রের সাথে সত্যায়িত নিম্নোক্ত সনদপত্র/ডকুমেন্ট-এর ফটোকপি দাখিল করতে হবে।

- * ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি।
- * এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর (পিএইচডি প্রোগ্রামের জন্য) ডিগ্রি পাসের সনদপত্র ও মার্কশীট/ট্রান্সক্রিপ্ট।
- * বাংলাদেশী আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং বিদেশি আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে পাসপোর্টের ফটোকপি।
- * সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিগ্রি অর্জন করেছেন তাঁর প্রধানের নিকট হতে প্রাপ্ত টেস্টিমোনিয়াল।
- * টাকা জমাদানের রশিদ।
- * অসম্পূর্ণ, অসম্পূর্ণ/ভুল তথ্যাদি সন্নিবেশিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- * অন্য বিশ্ববিদ্যালয়ের ছাত্রদেরকে পঠিত বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি ভর্তির সময় অবশ্যই দেখাতে হবে।

উল্লেখ্য, প্রতি টার্মে বিভাগওয়ারী মেধার ভিত্তিতে উপযুক্ত সকল পিএইচডি ছাত্র-ছাত্রীকে মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে এবং উল্লেখযোগ্য সংখক এমএস ছাত্র-ছাত্রীকে মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। মেধাবৃত্তি ছাড়াও প্রতিযোগিতার ভিত্তিতে পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের (দেশি/বিদেশি) গ্রাজুয়েট রিসার্চ অ্যাসিস্ট্যান্টশিপ (GRA) প্রদান করা হবে।

বিদেশি ছাত্র-ছাত্রীগণও এ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বিদেশি ছাত্র-ছাত্রীদের জন্য আবাসনের নিশ্চয়তা থাকবে। বিদেশি ছাত্র-ছাত্রীদের টিউশন ফি দেশি ছাত্র-ছাত্রীদের সমান হবে।

* উল্লেখ্য ভর্তির জন্য আবেদনকারী কোন ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে শৃঙ্খলা পরিপন্থি অভিযোগ থাকলে তাদের ভর্তির আবেদন বিবেচনা করা হবে না।

(প্রফেসর ড. মোঃ আবুল হোসেন মৌল্লা)

ডীন, গ্রাজুয়েট স্টাডিজ অনুষদ

ও

সদস্য-সচিব, ছাত্র-ভর্তি কমিটি (এমএস ও পিএইচডি)

ফোন : ৯২০৫৩১৫